অতীব জরুরি
নির্বাচন অগ্রাধিকার

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১০.১৪-৩৮৫

তারিখঃ ০২ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ
১৬ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ

ফ্যাক্স : ৯১৮০৭৮২

ওয়েব সাইট : www.ecs.gov.bd

ফোন : ৯১৮০৬৫৩ (অফিস)

প্রেরক : **রকিব উদ্দিন মন্ডল**
উপ সচিব
নির্বাচন পরিচালনা-২

প্রাপক : আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা
ও
রিটার্নিং অফিসার

পরিপত্র-৪

বিষয় : **জাতীয় সংসদের ২০৮ নারায়ণগঞ্জ-৫ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন, ২০১৪ উপলক্ষে ভোটগ্রহণের দিন আইন-শৃঙ্খলা পরিস্থিতি প্রতিবেদন ও বেসরকারি ফলাফল এবং অন্যান্য তথ্যাবলী সংগ্রহ ও পরিবেশন**

মহোদয়

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, জাতীয় সংসদের **২০৮ নারায়ণগঞ্জ-৫** নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন উপলক্ষে রিটার্নিং অফিসারদের নিকট হতে নির্বাচন কমিশন সচিবালয়ে ভোটগ্রহণ চলাকালে আইন-শৃঙ্খলা পরিস্থিতি প্রতিবেদন এবং ভোটগ্রহণ শেষে প্রাথমিক বেসরকারি ফলাফল সংগ্রহ করা হবে। এ কার্যক্রম ভোটগ্রহণের দিন অর্থাৎ **২৬ জুন ২০১৪** তারিখ **বৃহস্পতিবার** সকাল ০৮-০০ ঘটিকা হতে আরম্ভ করে সর্বশেষ বেসরকারি ফলাফল না পাওয়া পর্যন্ত অব্যাহতভাবে চলবে।

২। পরিস্থিতি প্রতিবেদন ও প্রাথমিক বেসরকারি ফলাফল সংগ্রহের দায়িত্বে নিয়োজিত নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তাদের নাম-পদবী ও টেলিফোন-ফ্যাক্স নম্বর **পরিশিষ্ট-ক** এ সংযুক্ত করা হলো। ভোটগ্রহণের দিন আইন-শৃঙ্খলা পরিস্থিতি প্রতিবেদন এবং বেসরকারি ফলাফল সংগ্রহ ও পরিবেশনের জন্য আপনার কার্যালয়ে স্থাপিত **"ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র"** হতে কোন্ সময়ে কোন্ কোন্ কর্মকর্তা দায়িত্ব পালন করবেন অর্থাৎ টেলিফোনে বেসরকারি ফলাফল নির্বাচন কমিশন সচিবালয়ে প্রদান করবেন তাদের নাম ও পদবী সত্বর অত্র সচিবালয়ের নির্ধারিত টেলিফোন ও ফ্যাক্সযোগে জানিয়ে দিবেন। তাছাড়া ভোটগ্রহণের দিন সকাল ৮.০০ টা হতে বেসরকারি ফলাফল পরিবেশন সম্পন্ন না হওয়া পর্যন্ত নির্বাচনি এলাকার সার্বিক পরিস্থিতি প্রতিবেদন প্রেরণ করার জন্য কোন্ কোন্ কর্মকর্তা দায়িত্ব পালন করবেন তাও পূর্বাহ্নে জানিয়ে দিবেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ পূর্ব থেকেই নির্ধারিত টেলিফোন ও ফ্যাক্স নম্বর সঠিক আছে কিনা অথবা সচল আছে কিনা তা যাচাই করে নিবেন।

৩। ভোটগ্রহণ শেষে আপনি যে **"বার্তা শিট"** এর মাধ্যমে বেসরকারি ফলাফল প্রেরণ করবেন তার একটি নমুনা **পরিশিষ্ট-খ** এ সংযুক্ত করা হলো। বার্তা শিটের প্রয়োজনীয় সংখ্যক কপি করে নিতে হবে। বেসরকারি ফলাফল টেলিফোনে জানানোর সাথে সাথে উক্ত শিটের মাধ্যমে ফ্যাক্সযোগেও নির্ধারিত ফ্যাক্সে প্রেরণ করতে হবে। তাছাড়া এ বিষয়ে সর্বশেষ কোন নির্দেশনা থাকলে তা টেলিফোনে যথাসময়ে অবহিত করা হবে এবং তদনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। **Result Management System (RMS) এর মাধ্যমে ফলাফল প্রেরণঃ** উপরিউক্ত ব্যবস্থার পাশাপাশি দশম জাতীয় সংসদ সাধারণ নির্বাচনের ন্যায় এবারও পরীক্ষামূলক ব্যবহারের জন্যে একইসাথে Result Management System (RMS) এর মাধ্যমে ফলাফল প্রেরণ করতে হবে। এ লক্ষ্যে ইতোমধ্যে আপনার অধীনস্থ সহকারী রিটার্নিং অফিসার ও আপনার কার্যালয়ে RMS software এবং কিটস deploy করা হয়েছে। Software এর মাধ্যমে তথ্য প্রেরণের জন্য প্রতিটি অফিস হতে একজন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটরকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় হতে প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রদত্ত কেন্দ্রভিত্তিক ভোটগণনার বিবরণী (ফরম-১৬) হতে ফলাফল RMS Software এর মাধ্যমে প্রেরণ করতে হবে। একই সাথে ফরম-১৬ scan করে software এর মাধ্যমে প্রেরণ করতে হবে। কেন্দ্রভিত্তিক ফলাফল entry করার পর এই Software হতে progressive result অর্থাৎ সহকারী রিটার্নিং অফিসারের অফিস হতে বার্তা শিট স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত হবে। বার্তা শিট software এর হতে print করে সহকারী রিটার্নিং অফিসার স্বাক্ষর দিয়ে স্বাক্ষরকৃত বার্তা শিট scan করে software এর মাধ্যমে আপনার কার্যালয়ে (রিটার্নিং অফিসার) প্রেরণ করা হবে। আপনার কার্যালয় RMS software ব্যবহার করে সকল সহকারী রিটার্নিং অফিসার কর্তৃক প্রেরিত বার্তা শিট কম্পিউটারে দেখতে পারবেন। একইসাথে downloadও করতে পারবেন। আপনি অতঃপর আপনার আওতাধীন সহকারী রিটার্নিং অফিসার কর্তৃক প্রেরিত ফলাফলগুলোকে software এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে একীভূত করে বার্তা শিট প্রস্তুত করবেন এবং print করে স্বাক্ষর দিয়ে পুনরায় তা scan করে RMS এর মাধ্যমে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করবেন।

১৬/০৬/২০১৪

(রকিব উদ্দিন মন্ডল)
উপ সচিব
নির্বাচন পরিচালনা-২

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১০.১৪-৩৮৫

তারিখঃ ০২ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ
১৬ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা/বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়/প্রধানমন্ত্রীর কার্যালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়/নৌ-পরিবহন মন্ত্রণালয়/সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি, ঢাকা
৬. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৯. উপ মহাপুলিশ পরিদর্শক, ঢাকা, ঢাকা
১০. যুগ্ম সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ইসলামিক ফাউন্ডেশন ভবন, আগারগাঁও, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা

১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [পরিপত্র-৪ নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]

১৪. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ

১৫. পুলিশ সুপার, নারায়ণগঞ্জ

১৬. উপ সচিব (আইন/নির্বাচন পরিচালনা-১/নির্বাচন সহায়তা ও সরবরাহ অধিশাখা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১৮. জেলা নির্বাচন কর্মকর্তা, নারায়ণগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার

১৯. উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা-নারায়ণগঞ্জ সদর/বন্দর, নারায়ণগঞ্জ

২০. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, নারায়ণগঞ্জ

২১. জেলা তথ্য কর্মকর্তা, নারায়ণগঞ্জ

২২. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ ও সচিব মহোদয়, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ ও সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৩. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বন্দর, জেলা-নারায়ণগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার

২৪. উপজেলা নির্বাচন অফিসার, নারায়ণগঞ্জ সদর, জেলা-নারায়ণগঞ্জ

২৫. অফিসার ইনচার্জ, সংশ্লিষ্ট থানা, জেলা-নারায়ণগঞ্জ

২৬. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

১৫.৫.১৪

(মোঃ ফরহাদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোনঃ ৯১৮০৭৮৪

রিটার্নিং অফিসারের নিকট হতে নির্বাচন কমিশন সচিবালয়ের যে সকল কর্মকর্তা/কর্মচারী ভোটগ্রহণ চলাকালে পরিস্থিতি প্রতিবেদন ও প্রাথমিক বেসরকারি ফলাফল সংগ্রহ করবেন তার বিবরণী

ক্রমিক নং	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)	টেলিফোন নম্বর	ফ্যাক্স / intranet নম্বর
১	৩	৪	৫
১.	জনাব মোঃ ফরহাদ হোসেন, সিনিয়র সহকারী সচিব নির্বাচন ব্যবস্থপনা ও সমন্বয় শাখা-১	৯১৮০৬৫৪	৯১৮০৭৭১ ৯১৮০৭৮২ sas_emc1
২.	জনাব মোহাম্মদ এনামুল হক সিনিয়র সহকারী সচিব (বাজেট ও অর্থ)	৯১৮০৮৪১	
৩.	জনাব মোঃ মিজানুর রহমান, সিনিয়র সহকারী সচিব (নির্বাচন প্রশাসন)	৯১৩৮৭৫৫	
৪.	জনাব মোহাম্মদ আশফাকুর রহমান, সহকারী সচিব (নিঃব্যঃওসঃ-২)	৯১৮০৯২৫	
৫.	সৈয়দ গোলাম রাশেদ, সহকারী সচিব (ক্রয় ও মুদ্রণ)		
৬.	জনাব এ এম শামসুজ্জামান, প্রশাসনিক কর্মকর্তা		
৭.	আরিফা বেগম, প্রশাসনিক কর্মকর্তা (চলতি দায়িত্ব)		
৮.	জনাব মোহাম্মদ আতাউল হক, ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব)		
৯.	আলিফ লায়লা, প্রশাসনিক কর্মকর্তা (চলতি দায়িত্ব)		
১০.	মমতাজ বেগম, প্রশাসনিক কর্মকর্তা (চলতি দায়িত্ব)		
১১.	জনাব মোহাম্মদ আবদুল বারিক, প্রশাসনিক কর্মকর্তা (চলতি দায়িত্ব)		
১২.	জনাব মোঃ নাদিরুজ্জামান, সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর		
১৩.	জনাব মোহাম্মদ নূরুজ্জামান হোসেন, সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর		
১৪.	জনাব মোহাম্মদ জাহিদ আলম, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর		
১৫.	জনাব মোঃ হাবীবুল্লাহ, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর		
১৬.	জনাব মোঃ রকিব হোসেন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর		
১৭.	জনাব মোঃ দেলোয়ার হোসেন, এমএলএসএস		
১৮.	জনাব মোঃ আবদুল লতিফ আকন্দ, এমএলএসএস		
১৯.	জনাব মোঃ আমজাদ হোসাইন, এমএলএসএস		
২০.	জনাব মোঃ মোখলেছুর রহমান, এমএলএসএস		
২১.	লিপি আক্তার আমিলা, এমএলএসএস		

পরিশিষ্ট-খ

জাতীয় সংসদের শূন্য আসনের নির্বাচন-২০১৪
প্রাথমিক বেসরকারি ফলাফল
বার্তা শিট

নির্বাচনি এলাকার নম্বর নাম: **২০৮ নারায়ণগঞ্জ-৫**

মোট ভোটারের সংখ্যা:
মোট ভোটকেন্দ্রের সংখ্যা:
ফলাফল প্রাপ্ত ভোটকেন্দ্রের সংখ্যা:

বার্তা নম্বর:

ক্রমিক	প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম	রাজনৈতিক দল/জোট-এর নাম	বরাদ্দকৃত প্রতীক	এ পর্যন্ত প্রাপ্ত ভোটের সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
মোট বৈধ ভোটের সংখ্যা:					
বাতিলকৃত ভোটের সংখ্যা:					
সর্বমোট প্রদত্ত ভোটের সংখ্যা:					

স্থগিত ভোট কেন্দ্রের সংখ্যা:
স্থগিত ভোট কেন্দ্রের ভোটার সংখ্যা:

রিটার্নিং অফিসারের ফলাফল সংগ্রহ ও পরিবেশন
কেন্দ্র থেকে ফলাফল প্রদানকারীর নাম ও পদবী:

নাম:
পদবী:
স্বাক্ষর:
তারিখ:
সময়:

এই ফরমে ফলাফল প্রেরণে নির্ধারিত ফোন এবং ফ্যাক্স ব্যবহার করতে হবে।